গাংনীর নবীনপুরে ভয়াবহ অগ্নীকান্ডে তিনটি তামাকঘরসহ বসতবাড়ি ভিষ্মীভুত

গাংনী উপজেলার নওয়াপাড়া নবীন পুর গ্রামে তিন কৃষকের তিনটি তামাক ঘরসহ অগ্মীকান্ডে ভূষ্মীভুত হয়ে অন্তত সাত লক্ষ টাকায় ক্ষয়ক্ষতি হয়েছে। শুক্রবার বিকেল তিনটার দিকে এই অগ্মীকান্ডের ঘটনা ঘটে।

ক্ষতিগ্রস্ত কৃষকরা হলেন,নবীনপুরের খলিলুর রহমাম, আয়নাল হক,নফেজ, রুহুল আমীন,। একই সাথে জহির নামের এক ব্যাক্তির বসতবাড়ি আগুনে ভূষ্মীভুত হয়েছে। অগ্মীদগ্ধ হয়েছে একটি গরু। এতে সকলের প্রায় সাত লক্ষ টাকায় তামাক পুড়েছে।

স্থানীয়রা জানায়, পাশাপাশি তিন কৃষকের তিনটি তামাকঘর। তামাক ঘরের ছায় থেকে প্রথমে আগুনের শুরু হয়। প্রথমে একটি তামাক ঘরে আগুন লাগলে স্থানীয়রা বামুন্দি ফায়ার সার্ভিসকে খবর দেয়। খবর পেয়েও বামুন্দি ফায়ার সার্ভিসের লোকজন শেখানে না আসায় আরও দু’টি তামাকঘরে আগুন লাগে। পরে সে আগুন ছড়িয়ে পড়ে একটি বসতবাড়িতে। ◌্ গ্রামবাসী অনেক চেস্টা করেও আগুন নেভাতে পারেনি। ঘণ্টাব্যাপী অগ্মীকান্ডে তিনটি তামাক ভর্তি ঘর পুড়ে ছাই হয়ে যায়।

নওয়াপাড়া গ্রামের ইউপি সদস্য আনারুল ইসলাম বলেন, আমি সংবাদ শুনে ঘটনাস্থলে গিয়েছি। আগুনে তামাক ভর্তি তিনটি ঘর ও একটি বসতবাড়ি পুড়ে ছাই হয়ে গেছে। বামুন্দি ফায়ার সার্ভিসের খবর দিলেও তারা আগুন নেভাতে আসেনি। এটি দুঃখজনক। সময়মত ফায়ার সার্ভিস টৃীম আসলে হয়তোবা কম ক্ষতি হতো। বিষয়টি উপজেলা নির্বাহী অফিসারকে জানানো হয়েছে।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা জানান বিষয়টি স্থানীয় ইউপি সদস্য আনারুল ইসলাম আমাকে জানিয়েছেন। ক্ষতিগ্রস্তদের বিষয়ে যা করনীয় তা করা হবে।

গাংনীর নবীনপুরে দোয়াত আলী মাদ্রাসার শুভ উদ্বোধন

গাংনী উপজেলার নবীনপুর ধলার মাঠে দোয়াত আলী মাদ্রাসার শুভ উদ্বোধন করেছেন মেহেরপুর -২ গাংনী আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন। আজ সোমবার বিকেলে তিনি মাদ্রাসার উদ্বোধন করেন।

মাদ্রাসার পরিচালক দোয়াত আলীর সভাপতিত্বে আলোচনায় বক্তব্য রাখেন নওয়াপাড়া গ্রামের প্রবীণ আওয়ামীলীগ নেতা জাবের আলী মন্ডল,সুজন আলী,রাইফেল আলী,আওয়ামীলীগ নেতা মনিরুজ্জামান মাস্টার ও মনিরুজ্জামান আতু প্রমুখ।

গাংনী সরকারি ডিগ্রী কলেজের প্রভাষক নাসিরুদ্দিনের সঞ্চালনায় অনুষ্ঠানে স্থানীয় আওয়ামীলীগ নেতা কর্মী উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে সংসদ সদস্য মোহাম্মদ শাহিদুজ্জামান খোকন বলেন, বর্তমানে অন্যান্য শিক্ষার পাশাপাশি ধর্মীয় শিক্ষার গুরুত্ব অপরিসীম। ধর্মীয় শিক্ষায় মানুষের মধ্যে মানবিক গুণাবলী তৈরি হয়। হাদিস এবং কোরআনের প্রকৃত শিক্ষায় শিক্ষিত হলে মানুষ কখনো অপরাধ করবে না। মানুষের দ্বারা মানুষ কখনো ক্ষতিগ্রস্ত হবে না। কোরআনের প্রকৃত ব্যাখ্যা মানুষের মাঝে ছড়িয়ে দিলে মানুষের মধ্যে ভাতৃত্ববোধ তৈরি হবে।
তিনি আরো বলেন,বর্তমান আওয়ামী লীগ সরকারের আমলে অন্যান্য শিক্ষার পাশাপাশি ধর্মীয় শিক্ষার প্রতি অনেক গুরুত্ব দেয়া হয়েছে। মাদ্রাসা সহ অনেক শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠা করা হয়েছে এবং নতুন নতুন ভবন নির্মাণ করা হয়েছে যা অন্যান্য সরকারের আমলে হয়নি। মাদ্রাসা শিক্ষার্থীদের কারো কাছে হাত না পাতারও আহবান জানান তিনি।

এ বিষয়ে এমপি সাহিদুজ্জামান খোকন বলেন,সবচেয়ে নেককারজনক ঘটনা হচ্ছে মানুষের কাছে হাত পাতা। মুসলমান জাতি সর্বোচ্চ জাতি। সকল ধর্মের চেয়েও মুসলমান ধর্ম বড়। তাই মুসলমান কখনো কারো কাছে হাত পেতে ছোট হবে না। মাদ্রাসা শিক্ষার্থীদের নিয়ে মানুষ অনেক কটুক্তি করে সেই জায়গা থেকে বেরিয়ে আসতে হবে। শিক্ষার্থীদের দিয়ে কখনো কারো কাছে হাত পেতে ছোট করবেননা। তাদেরকে অনেক বড় মানুষ